

# নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ১৯৯৫

( ১৯৯৫ সনের ১১ নং আইন )

১৯৯৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে আরও কিছু অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।

যেহেতু ১৯৯৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে আরও কিছু অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

## সংক্ষিপ্ত শিরোনামা

১। এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

## ১৯৯৪-৯৫ সালের জন্য সংযুক্ত তহবিল হইতে ৩৮৩৬,৯৩,৪০,০০০ টাকা প্রদান

২। এই আইনের তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহ সম্পর্কে ১৯৯৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সর চলাকালীন সময়ে যে কতিপয় ব্যয় সেই বত্সরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে তাহা বহনের জন্য উক্ত তফসিলের কলাম ৫-এ বর্ণিত অর্থসমূহের অনধিক অর্থ সর্বসাকুল্যে তিন হাজার আটশত ছত্রিশ কোটি তিরানব্বই লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও প্রযোজ্য হইবে।

## নির্দিষ্টকরণ

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে পরিশোধ ও প্রয়োগ করিবার জন্য অনুমোদিত অর্থসমূহ ১৯৯৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সর সম্পর্কে তফসিলে উল্লিখিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য নির্দিষ্ট করা হইবে।